| কারিগরি শিক্ষা অধিদপ্তর পরিচালক প্রশাসন শাখা | |
|---|---|
| পরিচালক (পিআইডব্লিউ) | পরিচালক (ভোক) |
| পরিচালক (পিআইইউ) | পরিচালক (পরিঃ ও উন্নঃ) |
| সহঃপরি-১/২/৩/৪ | ভিডিও |
| আইন কর্মকর্তা | পি.এ |
| | পরিচালক (প্রশাসন) |
| ডকেট নং- ২৮৭৯ | তারিখঃ ০৩/৯/২৬ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
মানিকগঞ্জ।
www.tsc.manikganj.gov.bd

| কারিগরি শিক্ষা অধিদপ্তর মহাপরিচালকের দপ্তর | | | |
|---|---|---|---|
| পরিচালক (প্রশাসন) | ✓ | সহকারী পরিচালক | |
| পরিচালক (ভোকেশনাল) | | | |
| পরিচালক (পলিটেকনিক/পিআইডব্লিউ) | | | |
| পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | | অন্যান্য | |
| পরিচালক (পিআইইউ) | | পিএস টু মহাপরিচালক | |
| প্রকল্প পরিচালক | | | |
| | | মহাপরিচালক | |
| ডকেট নং- ৯২৮৬ | | তারিখঃ- ০২/০৯/২৬ | |

নম্বর: ৫৭.০৩.৫৬০০.৪৯৪.১৮.০৩০.১৮- ৮৪৩

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয় ঃ <u>নিলাম বিজ্ঞপ্তি আপনার প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণ প্রসংগে</u>।

সূত্রঃ (১) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০২৩.৩০.০০০১.২১.৩১৩ তারিখঃ ১৮/০৮/২০২৬ খ্রি.
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পরিপত্র নম্বর-৫৭.০০.০০০০.০৪২.৯৯.০০৭.২০.১৮৭ তারিখ ঃ ১৬/১০/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১নং সূত্রস্থ পত্র মোতাবেক অত্র প্রতিষ্ঠানের পুরাতন ও জরাজীর্ণ মালামাল অকেজো ঘোষণা ও নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। এমতাবস্থায় উক্ত মালামাল নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য ২নং সূত্রস্থ পরিপত্রের কার্যপরিধি ৬ (খ) মোতাবেক অত্র প্রতিষ্ঠানের নিলাম বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের স্বার্থে আপনার প্রতিষ্ঠানের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তঃ
১) নিলাম বিজ্ঞপ্তি- ০১ কপি।
২) অকেজো ঘোষণা ও নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমোদনের পত্র- ০১ কপি।
৩) নিলাম সংক্রান্ত কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের পরিপত্র- ০১ সেট।

০১/০৯/২০২৬

(জাহিদুল হক)
অধ্যক্ষ
সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
মানিকগঞ্জ।
মোবাইলঃ ০১৭১৮-৭৩৮৮২০
E-mail:tscmanikganj@gmail.com

প্রাপক
মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও
ঢাকা-১২০৭।

নম্বর: ৫৭.০৩.৫৬০০.৪৯৪.১৮.০৩০.১৮-

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
৩। বিভাগীয় প্রধান (সকল)/একাডেমিক ইনচার্জ, অত্র প্রতিষ্ঠান।
৪। সংরক্ষণ নথি।

(জাহিদুল হক)
অধ্যক্ষ
ও সদস্য সচিব
নিলামে বিক্রয়/অকেজো ঘোষনা কমিটি
ফোনঃ ০২-৯৯৮৮১৪০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
মানিকগঞ্জ।
www.tsc.manikganj.gov.bd

নম্বর: ৫৭.০৩.৫৬০০.৪৯৪.১৮.০৩০.১৮-

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

# "নিলাম বিজ্ঞপ্তি"

এতদ্বারা ঠিকাদারী প্রতিষ্ঠান ও আগ্রহী ব্যক্তিবর্গের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মানিকগঞ্জ-এর পুরাতন, জরাজীর্ণ ও অকেজো মালামাল/যন্ত্রপাতি এবং পরিত্যাক্ত টিনসেড অপসারণ ও বিক্রয়ের জন্য আগ্রহী দরদাতাদের নিকট হতে Sealed Tender-এর মাধ্যমে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে। মালামাল/যন্ত্রপাতি এবং টিনসেড যাবতীয় জ্ঞাতব্যসহ সিডিউল নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে ০৬ থেকে ১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত মালামাল প্রকৃত অবস্থা "যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে" সরেজমিনে দেখে সংগ্রহ করা যাবে।

১. মন্ত্রণালয়/বিভাগ : কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
২. এজেন্সী : মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মানিকগঞ্জ
৩. কাজের নাম : পুরাতন, জরাজীর্ণ ও অকেজো মালামাল/যন্ত্রপাতি"
৪. নিলাম পদ্ধতি : Sealed Tender
৫. নিলামের আবেদন/দরপত্র দাখিল/দরপত্র খোলার তারিখ ও সময়:

| ক্র. নং | সিডিউল সংগ্রহের তারিখ ও সময় | সিডিউল দাখিলের শেষ তারিখ ও সময় | সিডিউল সংগ্রহ ও জমা দানের স্থান | দরপত্র খোলার সময় ও স্থান |
|---|---|---|---|---|
| ১. | আগামী ০৬ হতে ১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত | আগামী ১৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ দুপুর ১২.৩০ ঘটিকা পর্যন্ত | অধ্যক্ষের কার্যালয় মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ | আগামী ১৬ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ দুপুর ১.০০ ঘটিকা অধ্যক্ষের কার্যালয়। |

**শর্তাবলী:**

১) আগামী ০৬.০৯.২০২৬ খ্রি. হতে ১৫.০৯.২০২৬ খ্রি. তারিখ দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে মালামাল ও টিনসেডের সিডিউল অফিস শাখা হতে সংগ্রহ করা যাবে।

২) দরপত্র দাতাকে নির্ধারিত ফরম/ছকপত্রে সিডিউল যথাযথভাবে পূরণ করে প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর ও সীল প্রদানপূর্বক বন্ধ খামে উল্লিখিত তারিখ, সময় এবং নির্ধারিত স্থানে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে। কোনো অবস্থাতেই ডাকযোগে গ্রহণ করা হবে না।

৩) দরপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে: (ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি-০১ (এক) কপি। (খ) ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশনের সনদপত্রের ফটোকপি। (গ) যে কোনো তফসিলি ব্যাংক হতে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট—অধ্যক্ষ, মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, মানিকগঞ্জ বরাবরে দরদাতা কর্তৃক দাখিলকৃত দরের ২০% হারে টাকা বায়না হিসাবে জমা দিতে হবে এবং পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪) উপরে উল্লেখিত সময়ে উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

৫) একাধিক ব্যক্তি একই দর (যাহা গ্রহণযোগ্য সর্বোচ্চ দর) উত্থাপন করলে, তাহা গ্রহণযোগ্য হলে লটারির মাধ্যমে কৃতকার্য দরদাতা নির্বাচন করা হবে। সরকার কর্তৃক/স্থানীয় কনডেমনেশন কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যের নিম্নে কোনো ডাক বা দর গ্রহণযোগ্য হবে না। দাখিলকৃত দর বা ডাকের ২০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মূল কপি জমা না হলে উক্ত দরদাতা গ্রহণযোগ্য হবে না।

৬) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কৃতকার্য দরপত্রদাতার উদ্ধৃত দর গ্রহণের বিষয়টি দরপত্রদাতাকে অবহিত করার ০৩ (তিন) দিনের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় টাকা সংশ্লিষ্ট কোডে চালানের মাধ্যমে পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ে উদ্ধৃত দরের সমুদয় টাকা পরিশোধে ব্যর্থ হলে বায়না টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং উক্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে। কৃতকার্য দরদাতাকে প্রচলিত সরকারি নিয়ম মোতাবেক সরকার নির্ধারিত ১৫% ভ্যাট ও ১০% আয়কর উদ্ধৃত দরের অতিরিক্ত হিসাবে পরিশোধ করতে হবে।

৭) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কৃতকার্য দরপত্রদাতার উদ্ধৃত দর গ্রহণের তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে সিডিউলে উল্লেখিত মালামাল অপসারণ করবেন। অন্যথায় কোনো জটিলতা সৃষ্টি হলে এ প্রতিষ্ঠান দায়ী থাকবে না।

৮) অধ্যক্ষ, মানিকগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ-এর অনুমতি ব্যতিরেকে নিলাম গ্রহণকারী/ঠিকাদারের পক্ষে কাজ পরিচালনার জন্য কোনো প্রতিনিধি নিয়োগ করতে পারবেন না। নিলাম গ্রহণকারী/ঠিকাদার তার প্রতিনিধি ও শ্রমিকদের পূর্ণ বিবরণ নির্ধারিত কর্তৃপক্ষের নিকট দাখিল করে কাজ শুরুর অনুমতি নিতে হবে। তার নিযুক্ত প্রতিনিধি অথবা শ্রমিকগণ যদি কোনো বেআইনি কাজ করেন, তাহলে নিলাম গ্রহণকারী/ঠিকাদার সম্পূর্ণভাবে দায়ী থাকবেন।

চলমান পাতা-২

৯) যদি কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান নিলাম চলাকালীন সময়ে নিলামে কোনো প্রকাশ্যে বিঘ্ন সৃষ্টি করে, তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং প্রয়োজনে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের জামানত বাজেয়াপ্ত করা হবে।

১০) সর্বোচ্চ বা যেকোনো দর গ্রহণ করা বা না করা নিলাম কমিটির এখতিয়ারভুক্ত। এজন্য নিলাম কমিটি কাউকে কোনো প্রকার ব্যাখ্যা দিতে বাধ্য নয় এবং এ ব্যাপারে কোনো আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১১) নিলামে শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোনো বিষয়ে প্রয়োজন হলে সরকারি বিধি কার্যকর হবে। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাকের নিয়মাবলী পরিবর্তন, সংযোজন বা বাতিল করার ক্ষমতা অত্র স্থানীয় কনডেমনেশন কমিটি/নিলাম কমিটি সংরক্ষণ করেন।

স্বাঃ

(জাহিদুল হক)
অধ্যক্ষ
সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
মানিকগঞ্জ।
মোবাইলঃ ০১৭১৮-৭৩৮৮২০
E-mail:tscmanikganj@gmail.com

নম্বর: ৫৭.০৩.৫৬০০.৪৯৪.১৮.০৩০.১৮- ৮৪২(৭)

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ / ০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২। পরিচালক (প্রশাসন/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩। আঞ্চলিক পরিচালক, ঢাকা বিভাগ, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৪। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, সদর, মানিকগঞ্জ।
৬। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ।
৭। বিভাগীয় প্রধান (সকল)/একাডেমিক ইনচার্জ, অত্র প্রতিষ্ঠান।
৮। নোটিশ বোর্ড, অত্র প্রতিষ্ঠান।
৯। সংরক্ষণ নথি।

০১/০৯/২০২৬

(জাহিদুল হক)
অধ্যক্ষ
ও সদস্য সচিব
নিলামে বিক্রয়/অকেজো ঘোষনা কমিটি
ফোনঃ ০২-৯৯৮৮১৪০০৭

০৩/০৯/২৬